

## সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৬১]

পর্ব-১৯ : উভয় ঈদের সালাত (كتاب صلاة العيدين)

পরিচ্ছেদঃ ৫: উভয় ঈদের সাজ-সজ্জা

### باب الزينة للعيدين

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ دَاوُدَ، عَنِ ابْنِ وَهْبٍ، قَالَ: أَخْبَرَنِي يُونُسُ بْنُ يَزِيدَ، وَعَمْرُو بْنُ الْحَارِثِ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنَسَالِمٍ، عَنِ أَبِيهِ، قَالَ: وَجَدَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ حُلَّةً مِنْ إِسْتَبْرَقٍ بِالسُّوقِ فَأَخَذَهَا، فَآتَى بِهَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، ابْتِغِ هَذِهِ فَتَجَمَّلْ بِهَا لِلْعِيدِ وَالْوَفْدِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا هَذِهِ لِبَاسٌ مَنْ لَا خَلَقَ لَهُ، أَوْ إِنَّمَا يَلْبَسُ هَذِهِ مَنْ لَا خَلَقَ لَهُ، فَلَبِثَ عُمَرُ مَا شَاءَ اللَّهُ، ثُمَّ أُرْسِلَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِجُبَّةٍ دِيْبَاجٍ، فَأَقْبَلَ بِهَا حَتَّى جَاءَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، قُلْتَ: إِنَّمَا هَذِهِ لِبَاسٌ مَنْ لَا خَلَقَ لَهُ، ثُمَّ أُرْسِلْتَ إِلَيَّ بِهَذِهِ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: بَعْهَا وَتُصِبْ بِهَا حَاجَتَكَ .

تخريج دارالدعوة: صحيح مسلم/اللباس ١ (٢٠٦٨)، سنن ابى داود/الصلاة ٢١٩

(١٠٧٧)، اللباس ١٠ (٤٠٤٠)، (تحفة الأشراف: ٦٨٩٥) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1561 - صحيح

বাংলা

১৫৬০. সুলায়মান ইবনু দাউদ (রহ.) ..... সালিম-এর পিতা [আবদুল্লাহ (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, “উমার ইবনুল খাত্তাব (রাঃ) একবার বাজারে একজোড়া মোটা রেশমী পোশাক পেলেন। তিনি তা রসূলুল্লাহ (সা.) -এর সমীপে নিয়ে আসলেন এবং বললেন, হে আল্লাহর রসূল! আপনি এটা কিনে নিন, যাতে ঈদে এবং কোন প্রতিনিধি

দল আসলে আপনি তা পরতে পারেন। রসূলুল্লাহ (সা.) বললেন, রেশমী পোশাক তাদেরই পোশাক যাদের ভাগ্যে পরকালে রেশমের কোন অংশ নেই অথবা (তিনি বলেছেন) রেশমী পোশাক তারাই পরবে, যাদের ভাগ্যে আখিরাতে রেশমের কোন অংশ নেই। উমার (রাঃ) আল্লাহ তা'আলার যতদিন ইচ্ছা ছিল অপেক্ষা করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা.) একদিন 'উমার (রাঃ)-এর কাছে একটি রেশমী জুব্বা পাঠালেন। তিনি তা নিয়ে রসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বললেন, হে আল্লাহর রসূল! আপনি বলেছিলেন, রেশমী পোশাক তাদেরই পোশাক যাদের ভাগ্যে আখিরাতে রেশমের কোন অংশ নেই। আবার এ রেশমী পোশাক আমার কাছে পাঠালেন? রসূলুল্লাহ (সা.) বললেন, তুমি তা বিক্রি করে দাও এবং বিক্রয়লব্ধ অর্থ দ্বারা স্বীয় প্রয়োজন পূরণ কর।

## English

Adorning oneself for the two 'Eids

It was narrated from Salim that: His father said: Umar bin A-Khattab, may Allah be pleased with him, found a Hullah of Istibraq in the market. He took it and brought it to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah (ﷺ), why don't you buy this and adorn yourself with it for the two 'Eids and when (meeting) the delegations?' The Messenger of Allah (ﷺ) said: 'This is the clothing of one who has no share in the Hereafter,' or: 'This is worn by one who has no share in the Hereafter.' Then as much time passed as Allah (SWT) willed, then the Messenger of Allah (ﷺ) sent to Umar a garment made of Dibaj. He brought it to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah, you said that this is the clothing of one who has no share in the Hereafter, then you sent this to me?' The Messenger of Allah (ﷺ) said: 'Sell it and use the money for whatever you need.'

## ফুটনোট

সহীহঃ বুখারী ৯৪৮, মুসলিম ২০৬৮। [দ্রঃ ১৩৮২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ সালিম ইবনু আবদুল্লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90056>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন